গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০/১৩৪

তারিখ: ১২.০৭.২০২১ খ্রি.

**বিষয়: অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এর মাইগ্রেশন এর কাজে সহায়তার জন্য সকল কাস্টম হাউস এবং ল্যান্ড কাস্টমস স্টেশন এর ইউজারদের সিস্টেম টেস্টিং কার্যক্রমে অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম নিরবিচ্ছিন্নভাবে ব্যবহার এবং পারফরম্যান্স বৃদ্ধির লক্ষ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের হার্ডওয়্যার, সফটওয়্যার, মিডলওয়্যার, ডাটা সেন্টার এবং কোর নেটওয়ার্ক ইত্যাদি আপগ্রেডেশন ও মাইগ্রেশনের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে। ইতোমধ্যে, উক্ত পরিকল্পনা বাস্তবায়নের কাজ শুরু হয়েছে, যা জুলাই, ২০২১ মাসের মধ্যে শেষ হবে মর্মে আশা করা যাচ্ছে। নতুন সিস্টেম সফলভাবে ব্যবহার, এর সর্বোচ্চ পারফরম্যান্স নিশ্চিতকরণ এবং মাইগ্রেশন কাজে সহায়তার জন্য সকল কাস্টম হাউস এবং ল্যান্ড কাস্টমস স্টেশন এর ইউজারদের সিস্টেমে যথাযথ টেস্টিং করা অপরিহার্য। উক্ত কার্যক্রমের মাধ্যমে নতুন অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এর নেটওয়ার্ক এবং ডেটাবেজ- এর Stability এবং Performance সম্পর্কে ধারণা পাওয়া যাবে। এক্ষেত্রে সকল কাস্টম হাউস এবং ল্যান্ড কাস্টমস স্টেশন এর ইউজারগণের সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

০২। উক্ত কার্যক্রম সফলভাবে পরিচালনার জন্য নিম্নলিখিত টেস্টিং টার্গেট জাতীয় রাজস্ব বোর্ডের অ্যাসাইকুডা টিম থেকে পরিকল্পনা করা হয়েছে:

| Role/Position | Function | Target |
|---|---|---|
| ARO | Bill of Entry, Export Amendment | 10 for each/day |
| RO | Bill of Entry, Export Assessment | 30 for each/day |
| AC/DC | Post Entry | 10 for each/day |
| Manifest Branch | Manifest Registration | 5 Gen Seg/day |
| | BL Amendment | 50 BL/day |

০৩। উল্লিখিত টেস্টিং কার্যক্রম ১২.০৭.২০২১ খ্রি. হতে ১৮.০৭.২০২১ খ্রি. তারিখ পর্যন্ত চলমান থাকবে। উক্ত সময়কালে প্রতিদিন বিকাল ৫.০০ টা থেকে রাত ৮.০০ টা পর্যন্ত মোট ৩ (তিন) ঘণ্টা টেস্টিং কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে পরিচালনা করার লক্ষ্যে সকল কাস্টম হাউস এবং ল্যান্ড কাস্টমস এর ইউজারদেরকে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, ইতোমধ্যে আপনার দপ্তরের আইটি কর্মকর্তাগণদের এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

12.07.2021
[রাকিবুল হাসান]
দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন)
ss.asycuda@gmail.com

**প্রাপক:**
**কমিশনার,**
কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি/মোংলা/পানগাঁও।
কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পশ্চিম)/ ঢাকা (উত্তর)/রাজশাহী/রংপুর/খুলনা/যশোর/সিলেট/কুমিল্লা/চট্টগ্রাম।

E:\Asycuda\Letters\Letter.doc